

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩২

৫. কিতাবুল ঈমান (كتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ যে হাদীস ইলমে হাদীস বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো আমাদের উল্লেখিত আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু বর্ণিত হাদীসের সাথে সাংঘর্ষিক

ذِكْنُ خَبَرٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّهُ مُضَادُّ لِخَبَرِ أَبِي هُرَيْرَةَ الَّذِي ذَكَرْنَاهُ

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا السَّرِيُّ بْنُ يَحْيَى أَبُو الْهَيْثَمِ وَكَانَ شَاعِرًا وَكَانَ أُوَّلَ مَنْ الْهَيْثَمِ وَكَانَ شَاعِرًا وَكَانَ أُوَّلَ مَنْ قَصَّ فِي هَذَا الْمَسْجِدِ قَالَ: أَفْضَى بِهِمُ الْقَتْلُ إِلَى أَنْ قَتَلُوا الذُّرِيَّةَ فَبَلَغَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: "أَوَلَيْسَ خِيَارُكُمْ أَوْلَادَ الْمُشْرِكِينَ مَا مِنْ مَوْلُودٍ يُولَدُ إِلَّا عَلَى فِطْرَةِ الْإِسْلَامِ حَتَّى يُعْرِبَ فَأَبُواهُ يهودانه وينصرانه ويمجسانه"

الراوي: أَبو هُرَيْرَةَ | المحدث: شعيب الأرنؤوط | المصدر: صحيح ابن حبان الصفحة أو الرقم: 132 | خلاصة حكم المحدث: رجاله ثقات

বাংলা

১৩২. আসওয়াদ বিন সারি', যিনি একজন কবি ছিলেন এবং এই মাসজিদে তিনিই প্রথম ওয়াজ করা শুরু করেন, তিনি বলেন: এক সময় মুশরিকদের মাঝে মানুষ হত্যার ব্যাপারটি এমন হয় যে, তারা শিশু হত্যা শুরু করে। এই সংবাদ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কাছে পৌঁছলে তিনি বলেন: "মুশরিকদের সন্তানরা কি তোমাদের মাঝে শ্রেষ্ঠ নয়? প্রতিটি শিশু ইসলামের সহজাত চেতনা-বৈশিষ্ট্যের উপর জন্ম গ্রহন করে, বালেগ হওয়া পর্যন্ত তারা এই চেতনার উপর থাকে। অতঃপর তার বাবা-মা তাকে ইহুদি, খ্রীষ্টান ও অগ্নীপূজক বানায়।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ: فِي خَبَرِ الْأَسْوَدِ بْنِ سَرِيعٍ هَذَا: "مَا مِنْ مَوْلُودٍ يُولَدُ إِلَّا عَلَى فِطْرَةِ الْإِسْلَامِ" أَرَادَ بِهِ الْفِطْرَةَ الَّتِي يَعْتَقِدُهَا أَهْلُ الْإِسْلَامِ الَّتِي ذَكَرْنَاهَا قَبْلُ حَيْثُ أَخْرَجَ الْخَلْقَ مِنْ صُلْبِ آدَمَ فَإِقْرَارُ الْمَرْءِ بِتِلْكَ الْفِطْرَةِ مِنَ الْإِسْلَامِ. . فَنَسْبُ الْفِطْرَةُ إِلَى الإسلام عند الاعتقاد على سبيل المجاورة

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "আসওয়াদ বিন সারি' এর হাদীসের ভাষ্য: "প্রতিটি শিশু ইসলামের সহজাত চেতনা-বৈশিষ্ট্যের উপর জন্ম গ্রহন করে" –এর দ্বারা উদ্দেশ্য হলো সেসব আকীদা-বিশ্বাস যা মুসলিমরা



বিশ্বাস করে থাকেন। এই সম্পর্কে আলোচনা আমরা পূর্বে উল্লেখ করেছি যে, মহান আল্লাহ আদম সন্তানকে আদমের পৃষ্ঠদেশ থেকে বের করেছেন। কাজেই কোন মানুষের উক্ত ফিতরাতের স্বীকৃতি দেওয়া ইসলামের অর্ন্তভূক্ত। সুতরাং আকীদার ক্ষেত্রে ফিতরাতকে ইসলামের দিকে সম্পর্কিত করা হয়েছে নিকটবর্তী হওয়ার কারণে।"

ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ৮২৭; ইমাম বুখারী, আত তারীখুল কাবীর: ১/৪৪৫; ইমাম তাহাবী, মুশকিলুল আসার: ২/১৬৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০০৯০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১২/৩৮৬; মুসনাদ আহমাদ: ৩/৪৩৫; আদ দারেমী: ২/২২৩; বাইহাকী: ৯/৭৭।

হাদীসটির রাবীদেরকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ নির্ভরযোগ্য বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহা: ৪০২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন